

নিয়োগ বিজ্ঞপ্তি
আউট সোর্সিং পদ্ধতিতে মেডিকেল অফিসার নিয়োগ বিজ্ঞপ্তি
সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি)
সাতক্ষীরা

১। সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্ডার গার্ড বাংলাদেশ, সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি) এর কর্মরত বিজিবি সদস্য ও তাদের পরিবারবর্গকে সকল ধরনের আধুনিক চিকিৎসা সেবা প্রদান নিশ্চিতকল্পে আউট সোর্সিং এর মাধ্যমে অস্থায়ী ভিত্তিতে ০১ (এক) জন (পুরুষ) মেডিকেল অফিসার পদে নিয়োগ প্রদান করা হবে। আগ্রহী প্রার্থীগণ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র দাখিল করতে পারবেন :

শর্তাবলী :

- ক। শিক্ষাগত যোগ্যতা : এমবিবিএস-(বিএমডিসি কর্তৃক নিবন্ধিত)।
খ। বয়স : ২৫-৪০ বছর পর্যন্ত।
গ। বেতন কাঠামো : আলোচনা সাপেক্ষে।
ঘ। কার্যদিবস : সপ্তাহে ০৫ দিন (সকাল ০৮২০ ঘটিকা হতে ১৪০০ ঘটিকা পর্যন্ত) নিরবিচ্ছিন্ন কর্তব্যে নিয়োজিত থাকতে হবে। এছাড়াও যে কোন জরুরী মুহূর্তে অনকলে দায়িত্ব পালন করতে হবে।
ঙ। আবাসন : নিজ ব্যবস্থাপনা।

২। আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা মোবাইল নম্বরসহ বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম, জাতীয় পরিচয়পত্রের নম্বরসহ, অভিজ্ঞতা এবং অন্যান্য যোগ্যতা (যদি থাকে) উল্লেখ করতে হবে। এছাড়াও আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ আগামী ১৫ মার্চ ২০২৬ তারিখের মধ্যে ডাকযোগে অত্র দপ্তরে প্রেরণ করতে হবে :

- ক। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ছায়াকপি।
খ। ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক বাংলাদেশী স্থায়ী নাগরিকত্বের সনদপত্র/চারিত্রিক সনদপত্র।
গ। সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি যা প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার দ্বারা সত্যায়িত।
ঘ। জাতীয় পরিচয়পত্রের ছায়াকপি/জন্ম সনদপত্রের ছায়াকপি।
ঙ। বাস্তব অভিজ্ঞতার সনদপত্র।

৩। প্রার্থীদের আবেদনপত্র যাচাই-বাছাই করতঃ উপযুক্ত প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্তে আগামী ১৮ মার্চ ২০২৬ তারিখে ০৯০০ ঘটিকার মধ্যে সাক্ষাতকারের জন্য সাতক্ষীরা ব্যাটালিয়ন (৩৩ বিজিবি) এর অফিসে উপস্থিত থাকতে হবে। উপযুক্ত প্রার্থীদের মোবাইল ফোনের মাধ্যমে অবহিত করা হবে। উক্ত মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন যাতায়াত ভাতা দেয়া হবে না।

নোট : বিলম্বে প্রাপ্ত আবেদনের উপর কোন কার্যক্রম গ্রহণ করা হবে না।

বেগ আব্দুল্লাহ আল মাসুম
সহকারী পরিচালক
অধিনায়কের পক্ষে
টেলি : ০২৪৭৭৭৪১০২০/০১৭৬৯৬০৪১২৪